

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০২৪.২৩. ১১৬

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৯ জুন ২০২৬

অফিস আদেশ


যেহেতু, জনাব মোঃ বাবুল আক্তার মোল্যা, সহকারী সমাজসেবা অফিসার (পিআরএল ভোগরত), উপজেলা সমাজসেবা কার্যালয়, মধুখালী, ফরিদপুর এর বিরুদ্ধে অর্পিত দায়িত্ব কর্তব্যে অবহেলা, অপরাধমূলক বিশ্বাসভঙ্গ, ক্ষমতার অপব্যবহার এবং প্রতারণার আশ্রয় গ্রহণ করে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং অন্যান্য ১৩ জন ব্যক্তির (০৭টি ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত এতিমখানার সভাপতি/সহ-সভাপতি/সাধারণ সম্পাদক/কোষাধ্যক্ষ) পরস্পর যোগসাজসে ০৭ টি এতিমখানায় ভূয়া এতিম শিক্ষার্থী দেখিয়ে ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত সর্বমোট ১,৪০,৯২,০০০/- (এক কোটি চল্লিশ লক্ষ বিরানব্বই হাজার) টাকা আত্মসাৎ এর অভিযোগ পাওয়া যায়। উক্ত অর্থ আত্মসাৎের অভিযোগে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর কর্তৃক তার বিরুদ্ধে সিনিয়র বিশেষ জজ আদালত, ফরিদপুর ফৌজদারী মামলা {মামলা নং ১০, তারিখ ১৯/১০/২০২৩, দস্তবিধির ৪০৯/৪২০/৪৬৭/৪৬৮/ ৪৭১/১০৯ তৎসহ ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায়} দায়ের করা হয়;

যেহেতু, উল্লিখিত অভিযোগে জনাব মোঃ বাবুল আক্তার মোল্যা, সহকারী সমাজসেবা অফিসার (পিআরএল ভোগরত), উপজেলা সমাজসেবা কার্যালয়, মধুখালী, ফরিদপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগে সমাজসেবা অধিদপ্তরের ১৫/০২/২০২৪ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০২৪.২৩.৪১ সংখ্যক স্মারক যোগে বিভাগীয় মামলা (মামলা নম্বর ০৪/২০২৪ তারিখ ১৫/০২/২০২৪) রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ বাবুল আক্তার মোল্যার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ফরিদপুর কর্তৃক সিনিয়র বিশেষ জজ আদালত, ফরিদপুরে দায়েরকৃত মামলায় {মামলা নং ১০, তারিখ ১৯/১০/২০২৩, দস্তবিধির ৪০৯/৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ তৎসহ ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা} সিনিয়র বিশেষ জজ আদালত, ফরিদপুর এর বিজ্ঞ বিচারক বিগত ১৮/১১/২০২৫ তারিখ তাকে মামলা হতে অব্যাহতি প্রদান করেন। এ প্রেক্ষিতে জনাব মোঃ বাবুল আক্তার মোল্যা তার বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের জন্য আদেশের মূল সার্টিফাইট কপিসহ আবেদন করেন;

সেহেতু, জনাব মোঃ বাবুল আক্তার মোল্যা, সহকারী সমাজসেবা অফিসার (পিআরএল ভোগরত), মধুখালী, ফরিদপুর এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, সিনিয়র বিশেষ জজ আদালত, ফরিদপুরের বিজ্ঞ বিচারক এর আদেশ এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে তাকে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(শাহ মোহাম্মদ মাহবুব)

মহাপরিচালক

সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

ফোন: ০২-৫৫০০৭০২৪

ইমেইল: dg@dss.gov.bd


স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০২৪.২৩. ১১৬ (১৬)

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৯ জুন ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ)/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-১), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. উপজেলা সমাজসেবা অফিসার, মধুখালী, ফরিদপুর।
৯. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মধুখালী, ফরিদপুর।
১০. জনাব মোঃ বাবুল আক্তার মোল্যা, সহকারী সমাজসেবা অফিসার (পিআরএল ভোগরত), উপজেলা সমাজসেবা কার্যালয়, মধুখালী, ফরিদপুর।


(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২৫৫০০৭৩৭০

(০৫) ০/০৫